

১৩৩
১৩/১১/১১
১৩/১১/১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং : শিম/শাঃ১১/৮-২৪(বিবিধ)/২০১১/৫৩৯

তারিখ : ০৮ অগ্রহায়ণ ১৪১৮
২২ নভেম্বর ২০১১

পরিপত্র

বিষয় : জাতীয় স্কুল ফুটবল চ্যাম্পিয়নশিপ-২০১১ পরিচালনা সংক্রান্ত।

বাংলাদেশ ফুটবলের হ্রতগৌরব ফিরিয়ে আনার লক্ষ্যে ফুটবলকে তৃণমূল পর্যায় থেকে সংগঠিত করে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে মর্যাদার আসনে প্রতিষ্ঠিত করা প্রয়োজন। বিশেষ করে শিক্ষা প্রতিষ্ঠানের তরুণ শিক্ষার্থী এবং যুব সমাজের মধ্যে শারীরিক ও মানসিক বিকাশের জন্য সুষ্ঠু চিত্তবিনোদন নিশ্চিত করার ক্ষেত্রে ফুটবল গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

০২। শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামোসহ বিদ্যমান অন্যান্য সুযোগ-সুবিধা ব্যবহার করে বাফুফে এর সহযোগিতায় ফুটবল খেলায় গতিশীলতা আনয়ন সম্ভব। তাছাড়া সুদূর অতীত থেকে বাংলাদেশের ফুটবল জগতের অনেক খ্যাতিমান তারকা খেলোয়াড় শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসেছেন। ফুটবলের জনপ্রিয়তা ফিরিয়ে আনার লক্ষ্যে গত ১২/০৯/২০১১ তারিখে জাতীয় স্কুল ফুটবল চ্যাম্পিয়নশিপ-২০১১ যৌথভাবে আয়োজনের জন্য বাংলাদেশ ফুটবল ফেডারেশন এবং শিক্ষা মন্ত্রণালয় এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

০৩। জাতীয় স্কুল ফুটবল চ্যাম্পিয়নশিপ-২০১১ পরিচালনার অনুসৃত নিয়মাবলী নিম্নরূপঃ

- জাতীয় স্কুল ফুটবল চ্যাম্পিয়নশিপ-২০১১ বাংলাদেশ ফুটবল ফেডারেশন এবং শিক্ষা মন্ত্রণালয়ের যৌথ তত্ত্বাবধানে প্রথমে উপজেলা, পরবর্তীতে জেলা এবং বিভাগীয় পর্যায়ে শুরু হবে। চ্যাম্পিয়নশিপের চূড়ান্ত পর্বে দেশের ৭টি বিভাগের চ্যাম্পিয়ন ও রানার-আপ দল নিয়ে মোট ১৪টি স্কুল চূড়ান্ত পর্বে ঢাকায় অংশগ্রহণ করবে।
- প্রতি উপজেলায় জাতীয় স্কুল ও মাদ্রাসা ক্রীড়া প্রতিযোগিতায় যে সকল শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করেছে তাদের মধ্য থেকে ৭টি স্কুল অংশগ্রহণ করবে। অবশিষ্ট ৩টি স্কুল উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা ক্রীড়া সংস্থা মনোনীত করবেন।
- যে সকল শহর, মহানগরীতে উপজেলা নেই সেখানে জেলা ফুটবল এসোসিয়েশন ও জেলা ক্রীড়া সংস্থা ১০টি স্কুল নির্বাচন করবে।
- প্রতিযোগিতায় প্রতি উপজেলা থেকে ১০টি স্কুল অংশগ্রহণ করবে।
- প্রতিযোগিতায় অংশগ্রহণের যোগ্যতা হিসেবে প্রাথমিক সমাপনী পরীক্ষার সনদ ও নবম শ্রেণীর ছাত্রদের জন্য জেএসসি সনদের কপি দাখিল করতে হবে।
- প্রতিযোগিতায় অংশগ্রহণে যোগ্যতা অর্জনকারী স্কুলগুলোকে উপজেলা শিক্ষা অফিসারের বরাবর আগামী ১৫ নভেম্বর, ২০১১ তারিখের মধ্যে তাদের সর্বোচ্চ ২০ জন খেলোয়াড়ের নামের তালিকা পেশ করবে।
- উপজেলা পর্যায়ে নক আউট ভিত্তিতে খেলা অনুষ্ঠিত হবে। নির্ধারিত সময়ে খেলা অমিমাংসিত থাকলে ফিফা বিধি অনুযায়ী সরাসরি টাই ব্রেকারের মাধ্যমে খেলার ফলাফল নির্ধারণ করা হবে।
- খেলাগুলি উপজেলা পর্যায়ে সর্বোচ্চ ২ দিনের মধ্যে শেষ করতে হবে এবং প্রতিটি ভেনু হতে ১টি করে টিম প্রেরণ করবে।

স্বাক্ষরিত/-


তারিখঃ ২২/১১/২০১১

(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)

সচিব

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ১। চেয়ারম্যান, জাতীয় স্কুল ফুটবল কমিটি, বাংলাদেশ ফুটবল ফেডারেশন, ঢাকা।
- ২। ডেপুটি চেয়ারম্যান, জাতীয় স্কুল ফুটবল কমিটি, বাংলাদেশ ফুটবল ফেডারেশন, ঢাকা।
- ৩। কমিশনার, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
- ৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা/রাজশাহী/যশোর/কুমিল্লা/বরিশাল/ সিলেট/চট্টগ্রাম/দিনাজপুর।
- ৭। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। জেলা প্রশাসক, ----- (সকল)।
- ৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাকে পরিপত্রটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ----- (সকল অঞ্চল)।
- ১২। জেলা শিক্ষা অফিসার, ----- (সকল)।
- ১৩। উপজেলা নির্বাহী অফিসার, ----- (সকল)।
- ১৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ----- (সকল)।


(আয়েশা আক্তার)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৫০৩৪১